গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.৯৯.০০৩.২৪.৯১ তারিখ: ২৪ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ / ০৮ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

# মোটরযানের বিপরীতে উৎসে কর এবং পরিবেশ সারচার্জ সংগ্রহ সংক্রান্ত আয়কর পরিপত্র

**বিষয়: মোটরযান নিবন্ধন ও ফিটনেস নবায়নকালে উৎসে কর সংগ্রহ, পরিবেশ সারচার্জ সংগ্রহ এবং পিএসআর ও সংশ্লিষ্ট বিষয়াদি সংক্রান্ত স্পষ্টিকরণ।**

আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এবং অর্থ আইন, ২০২৪ (২০২৪ সনের ০৫ নং আইন) এর মাধ্যমে আনীত মোটরযান নিবন্ধন ও ফিটনেস নবায়নকালে উৎসে কর সংগ্রহ, পরিবেশ সারচার্জ সংগ্রহ এবং পিএসআর ও সংশ্লিষ্ট বিষয়াদি সংক্রান্ত বিধানাবলির প্রয়োগ সংক্রান্ত বিষয়সমূহ নিম্নে ব্যাখ্যা ও উদাহরণসহ উপস্থাপন করা হলো:-

**১। বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান হতে পরিবেশ সারচার্জ সংগ্রহ:**

কোনো **স্বাভাবিক ব্যক্তির (any individual)** একাধিক মোটর গাড়ি থাকলে তার একের অধিক প্রত্যেকটি গাড়ির জন্য নিম্নবর্ণিত সারণীতে উল্লেখিত হারে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে, যথা:-

| ক্রমিক নং | মোটর গাড়ির বর্ণনা | পরিবেশ সারচার্জের হার (টাকায়) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াট পর্যন্ত প্রতিটি মোটর গাড়ির জন্য | ২৫,০০০ |
| ২। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াটের অধিক কিন্তু ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ৫০,০০০ |
| ৩। | ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক কিন্তু ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ৭৫,০০০ |
| ৪। | ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক কিন্তু ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ১,৫০,০০০ |
| ৫। | ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক কিন্তু ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক নহে এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ২,০০,০০০ |

| ক্রমিক নং | মোটর গাড়ির বর্ণনা | পরিবেশ সারচার্জের হার (টাকায়) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৬। | ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক এমন প্রতিটি মোটর গাড়ির জন্য | ৩,৫০,০০০ |

পরিবেশ সারচার্জ পরিশোধের শর্তাবলি:

(১) একাধিক গাড়ির ক্ষেত্রে যে গাড়ির উপর সর্বনিম্ন হারে পরিবেশ সারচার্জ আরোপিত হবে সে গাড়ি ব্যতীত অন্যান্য গাড়ির বিপরীতে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে;

(২) গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়নকারী কর্তৃপক্ষ গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে উৎসে পরিবেশ সারচার্জ সংগ্রহ করবেন;

(৩) একাধিক বছরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হলে যে অর্থবর্ষে গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হয়েছে তার পরবর্তী অর্থবর্ষগুলোর ৩০ জুন তারিখের মধ্যে প্রযোজ্য হারে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে;

(৪) কোন করদাতা শর্ত (৩) মোতাবেক উৎসে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে ব্যর্থ হলে সেক্ষেত্রে নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে ক + খ নিয়মানুযায়ী পরিবেশ সারচার্জ হার নির্ধারিত হবে, যেখানে-

ক = বিগত বছর বা বছরগুলোতে অপরিশোধিত পরিবেশ সারচার্জের পরিমাণ,

খ = যে বছরে করদাতা পরিবেশ সারচার্জ পরিশোধ করছেন সে অর্থ বছরের জন্য নির্ধারিত পরিবেশ সারচার্জের পরিমাণ;

(৫) একাধিক বছরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করার ক্ষেত্রে প্রতিবছর আয়কর রিটার্ন দাখিলের পূর্বে পরিবেশ সারচার্জ পরিশোধ করা না হলে উপকর কমিশনার আয়কর রিটার্ন প্রসেস বা কর নির্ধারণকালে তা আদায় করবেন;

(৬) পরিবেশ সারচার্জ প্রত্যর্পনযোগ্য বা অন্যকোন প্রকারের কর বা সারচার্জের সাথে সমন্বয়যোগ্য হবে না;

(৭) "মোটর গাড়ি" বলতে পরিবেশ সারচার্জের ক্ষেত্রে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান অন্তর্ভুক্ত হইবে।

| পরিবেশ সারচার্জ সংক্রান্ত কতিপয় প্রশ্ন ও উত্তর | | |
|---|---|---|
| প্রশ্ন | : | মিজ অরণ্য অহম একজন স্বাভাবিক ব্যক্তি। তাঁর ১৫০০ সিসির একটি সেডান কার এবং ১৭৫ কিলোওয়াটের একটি টেসলা কার রয়েছে। দুটো গাড়ির জন্য-ই কি পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে? গাড়ির ফিটনেস নবায়নকালে নবায়নকারী কর্তৃপক্ষের নিকট পরিবেশ সারচার্জ বাবদ কত টাকা এ-চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে? |

| | | |
|---|---|---|
| উত্তর | : | কোনো করদাতার একাধিক গাড়ি থাকলে একের অধিক যতটি গাড়ি থাকবে ততটি গাড়ির জন্য পরিবেশ সারচার্জ প্রদেয় হবে। মিজ অরণ্য অহমের দুটো গাড়ি রয়েছে। তাঁকে কেবল একটি গাড়ির জন্য পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে। একাধিক গাড়ির ক্ষেত্রে যে গাড়ির উপর সর্বনিম্ন হারে পরিবেশ সারচার্জ আরোপিত হতে পারে উক্ত গাড়ি ব্যতীত অন্যান্য গাড়ির জন্য প্রযোজ্য হারে পরিবেশ সারচার্জ প্রদেয় হবে।<br>এখানে দেখা যাচ্ছে, ১৫০০ সিসির একটি সেডান গাড়ির জন্য পরিবেশ সারচার্জের পরিমাণ হচ্ছে ২৫,০০০ টাকা এবং ১৭৫ কিলোওয়াটের গাড়ির জন্য পরিবেশ সারচার্জের পরিমাণ ২,০০,০০০ টাকা। এ দুটি গাড়ির মধ্যে ১৭৫ কিলোওয়াটের গাড়ির জন্য পরিবেশ সারচার্জের পরিমাণ ২,০০,০০০ টাকা অধিক হওয়ায় করদাতা কর্তৃক পরিবেশ সারচার্জ হিসেবে ২,০০,০০০ টাকা প্রদেয় হবে। এ-চালানের মাধ্যমে উক্ত সারচার্জের অর্থ সরকারি কোষাগারে জমা করে এ-চালানের কপি গাড়ির ফিটনেস নবায়নকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। |
| প্রশ্ন | : | পরিবেশ সারচার্জের উপর সম্পূরক শুল্ক ও ভ্যাট প্রযোজ্য হবে কিনা? |
| উত্তর | : | পরিবেশ সারচার্জের উপর সম্পূরক শুল্ক ও ভ্যাট প্রযোজ্য হবে না। |
| প্রশ্ন | : | পরিবেশ সারচার্জের ক্ষেত্রে টিআইএন (Taxpayer's Identification Number) বা পিএসআর (PSR or Proof of Submission of Return) এর প্রযোজ্যতা রয়েছে কিনা? |
| উত্তর | : | না। নেই। |
| প্রশ্ন | : | পরিবেশ সারচার্জ সংগ্রহের জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি উক্ত সারচার্জ সংগ্রহে ব্যর্থ হলে কোনো প্রকারের দায় সৃষ্টি হবে কিনা? |
| উত্তর | : | রাষ্ট্রীয় রাজস্ব অনাদায়ের দায়ে দায়িত্বপ্রাপ্ত স্বাভাবিক ব্যক্তি বা ব্যক্তিগণ ব্যক্তিগতভাবে দায়ী হবেন। |

## ২। বাণিজ্যিকভাবে পরিচালিত বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা অটোরিকশা ও ট্যাক্সিক্যাব হতে উৎসে কর সংগ্রহ:

(১) আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৩৮ অনুযায়ী বাণিজ্যিকভাবে পরিচালিত বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা অটোরিকশা ও ট্যাক্সিক্যাব নিবন্ধন বা ফিটনেস নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা কর্তৃপক্ষ মোটরযানের নিবন্ধন বা ফিটনেস নবায়ন করিবেন না, যদি না নিম্নবর্ণিত সারণীতে উল্লিখিত হারে পরিশোধিত অগ্রিম করের চালান মোটরযানের নিবন্ধন বা ফিটনেস নবায়নের আবেদনের সাথে দাখিল করা হয়, যথা:-

**সারণী**

| ক্রমিক নং | গাড়ির ধরন | অগ্রিম কর (টাকায়) | পিএসআর উপস্থাপনের ব্যার্থতায় প্রযোজ্য কর (টাকায়) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ৫২ আসনের অধিক আসন বিশিষ্ট বাস | ১৬০০০ | ২৪০০০ |

| | | | |
|---|---|---|---|
| ২। | ৫২ আসনের অধিক আসন নহে এইরূপ বাস | ১১৫০০ | ১৭২৫০ |
| ৩। | শীতাতপ নিয়ন্ত্রিত বাস | ৩৭৫০০ | ৫৬২৫০ |
| ৪। | ডাবল ডেকার বাস | ১৬০০০ | ২৪০০০ |
| ৫। | শীতাতপ নিয়ন্ত্রিত মিনিবাস/কোস্টার | ১৬০০০ | ২৪০০০ |
| ৬। | শীতাতপ নিয়ন্ত্রিত নহে এইরূপ মিনিবাস/কোস্টার | ৬৫০০ | ৯৭৫০ |
| ৭। | প্রাইম মুভার | ২৪০০০ | ৩৬০০০ |
| ৮। | ৫ টনের অধিক পেলোড ক্যাপাসিটি বিশিষ্ট ট্রাক, লরি বা ট্যাংক লরি | ১৬০০০ | ২৪০০০ |
| ৯। | ১.৫ টনের অধিক, তবে ৫ টনের অধিক নহে এইরূপ পেলোড ক্যাপাসিটি বিশিষ্ট ট্রাক, লরি বা ট্যাংক লরি | ৯৫০০ | ১৪২৫০ |
| ১০। | ১.৫ টনের অধিক নহে এইরূপ পেলোড ক্যাপাসিটি বিশিষ্ট ট্রাক, লরি বা ট্যাংক লরি | ৪০০০ | ৬০০০ |
| ১১। | পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা অটো রিক্সা | ৪০০০ | ৬০০০ |
| ১২। | শীতাতপ নিয়ন্ত্রিত ট্যাক্সিক্যাব | ১১৫০০ | ১৭২৫০ |
| ১৩। | শীতাতপ নিয়ন্ত্রিত নহে এইরূপ ট্যাক্সিক্যাব | ৪০০০ | ৬০০০ |

(২) একাধিক বৎসরের জন্য নিবন্ধন প্রদান বা ফিটনেস নবায়ন করার ক্ষেত্রে উক্ত সারণীতে উল্লেখিত হার অনুযায়ী প্রদেয় কর নিবন্ধন প্রদান বা ফিটনেস নবায়নের বৎসরের পরবর্তী বৎসর বা বৎসরগুলোর ৩০ জুন তারিখ বা তৎপূর্বে সংগ্রহ করতে হবে।

(৩) কোনো বছর কোনো ব্যক্তি উক্তরূপ অগ্রিম কর পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী বছরে উক্ত ব্যক্তি কর্তৃক প্রদেয় অগ্রিম করের পরিমাণ ক+খ নিয়মে নির্ধারিত হবে, যেখানে-

ক = পূর্ববর্তী বছর বা বছরগুলোতে অপরিশোধিত অগ্রিম করের পরিমাণ, এবং

খ = পরিশোধের বছরে সারণীতে উল্লেখিত হারে অগ্রিম করের পরিমাণ।

(৪) নিম্নবর্ণিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সারণীতে উল্লেখিত অগ্রিম কর সংগ্রহ প্রযোজ্য হবে না, যথা:-

(ক) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ;

(খ) সরকার বা স্থানীয় সরকারের অধীন কোনো প্রকল্প, কর্মসূচি বা কার্যক্রম;

(গ) কোনো বৈদেশিক কূটনীতিক, বাংলাদেশে কোনো কূটনৈতিক মিশন, জাতিসংঘ ও ইহার অঙ্গ সংগঠনের দপ্তরসমূহ;

(ঘ) বাংলাদেশের কোনো বিদেশি উন্নয়ন অংশীজন এবং তাদের সংযুক্ত দপ্তর বা দপ্তরসমূহ;

(ঙ) সরকারের এমপিওভুক্ত (Monthly Payment Order) কোনো শিক্ষা প্রতিষ্ঠান;

(চ) সরকারি বিশ্ববিদ্যালয় (public university);

(ছ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা; বা

(জ) অগ্রিম কর পরিশোধ করিতে হবে না মর্মে বোর্ড হতে সার্টিফিকেট গ্রহণকারী কোনো প্রতিষ্ঠান।

এখানে উল্লেখ্য, (ক) হতে (ছ) পর্যন্ত উল্লেখিত সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড হতে সনদের প্রয়োজন হবে না।

(৫) এ সকল গাড়ির উপর কোনো প্রকারের পরিবেশ সারচার্জ প্রযোজ্য হবে না।

**৩। বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা অটোরিকশা ও ট্যক্সিক্যাব ব্যতীত অন্যান্য মোটরযান হতে উৎসে কর সংগ্রহ:**

(১) আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৫৩ অনুযায়ী বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা অটোরিকশা, ট্যক্সিক্যাব বা মোটর সাইকেল ব্যতীত অন্যান্য নিবন্ধন বা ফিটনেস নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা কর্তৃপক্ষ মোটরযানের নিবন্ধন বা ফিটনেস নবায়ন করবেন না, যদি না নিম্নবর্ণিত সারণীতে উল্লিখিত হারে পরিশোধিত অগ্রিম করের চালান মোটরযানের নিবন্ধন বা ফিটনেস নবায়নের আবেদনের সাথে দাখিল করা হয়, যথা:-

**সারণী**

| ক্রমিক নং | গাড়ির ধরন ও ইঞ্জিন ক্যাপাসিটি | কেবল একটি গাড়ির ক্ষেত্রে অগ্রিম কর (টাকায়) | পিএসআর উপস্থাপনের ব্যার্থতায় কেবল একটি গাড়ির ক্ষেত্রে প্রযোজ্য কর (টাকায়) | একাধিক গাড়ি থাকলে একের অধিক প্রত্যেক গাড়ির অগ্রিম কর (টাকায়) | পিএসআর উপস্থাপনের ব্যার্থতায় একের অধিক প্রত্যেক গাড়ির ক্ষেত্রে প্রযোজ্য কর (টাকায়) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াটের উর্ধ্বে নহে এইরূপ প্রতিটি মোটরযানের জন্য | ২৫০০০ | ৩৭৫০০ | ৩৭৫০০ | ৫৬২৫০ |
| ২। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াটের উর্ধ্বে, তবে ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের উর্ধ্বে নহে এইরূপ প্রতিটি মোটরযানের জন্য | ৫০০০০ | ৭৫০০০ | ৭৫০০০ | ১১২৫০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩। | ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের উর্ধ্বে, তবে ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের উর্ধ্বে নহে এইরূপ প্রতিটি মোটরযানের জন্য | ৭৫০০০ | ১১২৫০০ | ১১২৫০০ | ১৬৮৭৫০ |
| ৪। | ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের উর্ধ্বে, তবে ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের উর্ধ্বে নহে এইরূপ প্রতিটি মোটরযানের জন্য | ১২৫০০০ | ১৮৭৫০০ | ১৮৭৫০০ | ২৮১২৫০ |
| ৫। | ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের উর্ধ্বে, তবে ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের উর্ধ্বে নহে এইরূপ প্রতিটি মোটরযানের জন্য | ১৫০০০০ | ২২৫০০০ | ২২৫০০০ | ৩৩৭৫০০ |
| ৬। | ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের উর্ধ্বে প্রতিটি মোটরযানের জন্য | ২০০০০০ | ৩০০০০০ | ৩০০০০০ | ৪৫০০০০ |
| ৭। | মাইক্রোবাস প্রতিটির জন্য | ৩০০০০ | ৪৫০০০ | ৪৫০০০ | ৬৭৫০০ |

(২) একাধিক বৎসরের জন্য নিবন্ধন প্রদান বা ফিটনেস নবায়ন করার ক্ষেত্রে সারণীতে উল্লেখিত হারে প্রদেয় কর নিবন্ধন প্রদান বা ফিটনেস নবায়নের বৎসরের পরবর্তী বৎসর বা কোনো বৎসরের ৩০ জুন তারিখ বা তৎপূর্বে সংগ্রহ করতে হবে।

(৩) কোনো বৎসর কোনো ব্যক্তি সারণীতে উল্লেখিত হারে অগ্রিম কর পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী বছরে উক্ত ব্যক্তি কর্তৃক প্রদেয় অগ্রিম করের পরিমাণ ক+খ নিয়মে নির্ধারিত হবে, যেখানে-

ক = পূর্ববর্তী বছর বা বছরগুলোতে অপরিশোধিত অগ্রিম করের পরিমাণ, এবং

খ = পরিশোধের বছরে সারণী অনুযায়ী প্রদেয় অগ্রিম করের পরিমাণ।

(৪) নিম্নবর্ণিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সারণীতে উল্লেখিত হারে অগ্রিম কর সংগ্রহ প্রযোজ্য হবে না, যথা:-

(ক) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ;

(খ) সরকার বা স্থানীয় সরকারের অধীন কোনো প্রকল্প, কর্মসূচি বা কার্যক্রম;

(গ) কোনো বৈদেশিক কূটনীতিক, বাংলাদেশস্থ কোনো কূটনৈতিক মিশন, জাতিসংঘ ও ইহার অঙ্গ সংগঠনের দপ্তরসমূহ;

(ঘ) বাংলাদেশের কোনো বিদেশি উন্নয়ন অংশীদার এবং তাদের সংযুক্ত দপ্তর বা দপ্তরসমূহ;

(ঙ) এতিমখানা, অনাথ আশ্রম, ধর্মীয় উপাসনালয় এবং সরকারের এমপিওভুক্ত (Monthly Payment Order) কোনো শিক্ষা প্রতিষ্ঠান;

(চ) সরকারি বিশ্ববিদ্যালয় (public university);

(ছ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা; বা

(জ) অগ্রিম কর পরিশোধ করতে হবে না মর্মে বোর্ড হতে সার্টিফিকেট গ্রহণকারী কোনো প্রতিষ্ঠান।

এখানে উল্লেখ্য, (ক) হতে (ছ) পর্যন্ত উল্লেখিত সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড হতে সনদের প্রয়োজন হবে না।

(৫) ধারা ১৫৩ এর উপ-ধারা (২) এর অধীন পরিশোধকৃত অগ্রিম কর ফেরতযোগ্য হবে না।

(৬) ধারা ১৫৩ এর উদ্দেশ্যপূরণকল্পে, "মোটরযান" অর্থে জিপ ও মাইক্রোবাস অন্তর্ভুক্ত হবে, তবে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা অটোরিকশা, ট্যাক্সিক্যাব ও মোটরসাইকেল এর অন্তর্ভুক্ত হবে না।

৪। মোটরযান হতে উৎসে কর এবং পরিবেশ সারচার্জ সংগ্রহ সংক্রান্ত কোনো বিষয়ে কোনো প্রকারের প্রশ্ন উত্থাপিত হলে জাতীয় রাজস্ব বোর্ডের মতামত গ্রহণ করতে হবে এবং এ সকল বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের মতামত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮.০৭.২০২৪

(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড